

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

[www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফই সার্কুলার নং-০২

তারিখঃ জানুয়ারী ১৩, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল  
অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস

প্রিয় মহোদয়,

বৈদেশিক মুদ্রায় ওমরাহ হজ্জ গ্যারান্টি ইস্যু প্রসঙ্গে।

গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন, ভলিউম-১(২০০৯), অধ্যায়-১৬ এর অনুচ্ছেদ নং-৮ এর নির্দেশনা মোতাবেক অনুমোদিত ডিলার ব্যাংক নিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে বৈদেশিক মুদ্রায় অনিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে গ্যারান্টি ইস্যুর জন্য প্রাধিকার প্রাপ্ত।

০২. এক্ষেত্রে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উল্লিখিত প্রাধিকারের অতিরিক্ত হিসেবে অনুমোদিত ডিলার ব্যাংক নিবাসী অনুমোদিত ওমরাহ এজেন্ট এর পক্ষে অনধিক ১,০০,০০০ সৌদি রিয়াল মূল্যমানের ব্যাংক গ্যারান্টি/পারফরম্যান্স বন্ড রাজকীয় সৌদি সরকার (Kingdom of Saudi Arabia-KSA) কর্তৃক অনুমোদিত ওমরাহ হজ্জ বিষয়ে সেবা প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা তার এজেন্ট এর অনুকূলে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ছাড়াই ব্যাংক গ্যারান্টি/পারফরম্যান্স বন্ড ইস্যু করতে পারবে। তবে এক্ষেত্রে প্রচলিত ব্যাংকিং রীতির পাশাপাশি নিম্নলিখিত শর্তগুলো অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক পরিপালনীয় হবে :

(ক) আবেদনকারীকে ধর্ম মন্ত্রণালয়, বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত হালগাগাদ সনদ এবং International Air Transport Association (IATA) কর্তৃক প্রদানকৃত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

(খ) নিবাসী অনুমোদিত ওমরাহ এজেন্ট এবং সৌদি সরকার কর্তৃক অনুমোদিত ওমরাহ এজেন্ট এর মধ্যে সম্পাদিত দ্বিপাক্ষিক বলবৎ চুক্তি থাকতে হবে;

(গ) আবেদনকারী এজেন্ট এর অতীত কার্যক্রম সন্তোষজনক হতে হবে।

০৩. ব্যাংক গ্যারান্টি/পারফরম্যান্স বন্ড নগদায়নের প্রেক্ষিতে বেনেফিশিয়ারির অনুকূলে রেমিটেন্স সম্পন্ন করার ক্ষেত্রে বিশদভাবে কারন বিশ্লেষণপূর্বক বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫০